


০৬

৩২



কঠোর নিরাপত্তা ব্যবস্থা নেয়া হয়েছে
আজ ডাকসু ও হল
সংসদের নির্বাচন

(বিশুবিদ্যালয় সংবাদপত্র)
আজ ঢাকা বিশুবিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) এবং ১৩টি হল সংসদের নির্বাচন। সকাল ৮টা থেকে দুপুর ২টা পর্যন্ত সকল হল ভোটাগ্রহণ করা হবে। কলাভবনে বিকেল থেকে শুরু করে রাত্তর ভোট গণনা শেষে আগামীকাল সকালে ফলাফল ঘোষণা করা হবে। নির্বাচন উপলক্ষে কঠোর নিরাপত্তামূলক ব্যবস্থা নেয়া হয়েছে।

লের ভিত্তিতে নির্বাচনে অংশ নিচ্ছে। এগুলো হচ্ছে ছাত্র সংগ্রাম পরিষদের 'মুলতান-মুশতাক নাসির' পরিষদ, জাতীয়তাবাদী ছাত্রদলের 'দুদু-রিপন' পরিষদ, ইসলামী ছাত্র শিবিরের 'শামসু-আমিন' পরিষদ, ওয়ায়েদপন্থী ছাত্রদলের 'কামাল-বাশার' পরিষদ, জাতীয় ছাত্রদল ও ছাত্র বিপ্লবী ফ্রন্টের 'মুখলেস-আজম' পরিষদ, ছাত্র ফেডারেশনের 'ফয়জুল-ফারুক' পরিষদ, রবপন্থী (শেষ পৃ: ৪-এর ক: ড:)

শেষ মুহূর্ত পর্যন্ত কিছু কিছু প্রার্থী অন্য প্রার্থীর সমর্থনে প্রতিশ্রুতি থেকে সরে দাঁড়ানোর প্রার্থীদের সংখ্যা কিছু কমেছে। সে হিসেবে ডাকসুর ২০টি পদের জন্য ১৭৪ জন এবং হল সংসদগুলোর মোট ১৫৬টি পদের জন্য প্রায় ৮শ' ছাত্রছাত্রী ভোটযুগ্মে অংশ নেবেন। এর মধ্যে ডাকসুর সহ-সভাপতি পদে ১২জন, সাধারণ সম্পাদক পদে ১৪জন, সহ-সাধারণ সম্পাদক, মিলনায়তন সম্পাদক, বিজ্ঞান মিলনায়তন সম্পাদক, ক্রীড়া সম্পাদক ও পরিবহন সম্পাদক পদে ১০জন করে, ছাত্রী মিলনায়তন সম্পাদিকা পদে ৬জন, সনাক্ত সেবা পদে ১১জন, সাহিত্য সম্পাদক পদে ১০জন সামাজিক আপ্যায়ন (সাংস্কৃতিক) সম্পাদক পদে ১২জন এবং ৯টি সদস্য পদে ৫৬জন প্রতিশ্রুতি রয়েছেন।

আজ হডকসু নির্বাচন
(বিশুবিদ্যালয় সংবাদপত্র)
আজ বৃহস্পতি প্রকৌশল বিশুবিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ইউকসু) ও ৮টি হল সংসদ নির্বাচন। কতৃপক্ষ ইতিমধ্যে সকল প্রকারের নির্বাচনী প্রস্তুতি সম্পন্ন করেছেন। গতকাল সন্ধ্যায় হল (শেষ পৃ: ২-এর ক: ড:)

সর্বশেষ খবর অনুযায়ী ছাত্র সংগঠনগুলো মোট ১০টি প্যানেল-
উপাচার্যের আহ্বান
বাসস জানিয়েছে, উপাচার্য অধ্যাপক আবদুল মান্নান ডাকসু নির্বাচন অর্ধভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সকল মহলের সহযোগিতা কামনা করেছেন।

গতকাল বিকেলে তার বাসভবনে সাংবাদিকদের সাথে কথাবার্তা বলার সময় তিনি নির্বাচন কালীন সময়ে গণতান্ত্রিক ঐতিহ্য সমৃদ্ধ রাখার জন্য ছাত্রছাত্রীদের প্রতি আহ্বান জানান। শান্তিপূর্ণ নির্বাচন করার মধ্য দিয়ে গণতন্ত্র কি এবং তার সংজ্ঞা কি তা প্রমাণ করে দেয়ার জন্যও তিনি ছাত্রছাত্রীদের প্রতি আহ্বান জানান।

চীফ রিটানিং অফিসার আহসানুল হক এবং প্রক্টর ড: আবদুল মান্নান চৌধুরী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

আজ ডাকসু নির্বাচন
(১ম পাতার পর)
ছাত্রলীগের 'আজম-রেজা' পরিষদ, ইসলামী ছাত্র আন্দোলনের 'ওয়ায়েদ-মইনুল' পরিষদ, জাতীয় ছাত্রফ্রন্টের 'শাহাখান-মোশাররফ' পরিষদ এবং বিপ্লবী ছাত্র ইউনিয়নের 'আবু-কাসেম' পরিষদ। এছাড়া প্রায় ৪০ জন স্বতন্ত্রভাবে প্রতিশ্রুতি করছেন।
গতকাল সকাল ৮টা থেকে ক্যাম্পাসে নির্বাচনী প্রচারণা নিষিদ্ধ থাকায় কোন সভা সমাবেশ, মিছিল হয়নি, তবে প্রার্থীরা ব্যক্তিগতভাবে রাত পর্যন্ত ভোটারদের সাথে যোগাযোগ অব্যাহত রাখেন। সকালে 'মুলতান-মুশতাক-নাসির' পরিষদ এবং 'দুদু-রিপন' পরিষদের প্রার্থীদেরকে প্রায় একই সময়ে ঘুরে ঘুরে প্রশাসনিক ভবনের পাশের মাঠে বসে থাকা ছাত্রছাত্রীদের সাথে কথাবার্তা বলতে দেখা যায়। এক পর্যায়ে উভয় প্যানেলের প্রার্থীরা মুখো-মুখি হলে পরস্পরের প্রতিশ্রুতি মুলতান মোহাম্মদ মুনসুর আহমেদ ও শামসুজ্জামান দুদু এবং মুশতাক হোসেন ও আসাদুজ্জামান রিপন তাদের সমর্থকদের বিপুল করতালির মধ্যে আলিঙ্গনাবদ্ধ হন।

নির্বাচন উপলক্ষে এই প্রথমবারের মত কঠোর নিরাপত্তামূলক ব্যবস্থা নেয়া হয়েছে। শাসন প্রতিরোধে ক্যাম্পাসে প্রায় ৩ হাজার পুলিশ মোতায়েন করা হয়েছে। এদের মধ্যে উল্লেখযোগ্য সংখ্যক পুলিশ ভোটকেন্দ্রে নিরাপত্তা রক্ষার দায়িত্ব পালন করবেন। ক্যাম্পাসের ১৩টি পয়েন্টে চেকপোস্ট বসানো হয়েছে। বহিরাগতদের এবং বিশুবিদ্যালয়ের-দেয়া টিকার যুক্ত যানবাহন ছাড়া সকল যানবাহনের ক্যাম্পাসে প্রবেশ নিষিদ্ধ করা হয়েছে। ঢাকা মহানগরীর পুলিশ কমিশনার নসরুজ হাখান গতকাল সন্ধ্যায় বিশুবিদ্যালয় পরিদর্শনে যান এবং উপাচার্য ও হল প্রাধ্যক্ষদের সাথে বৈঠক করেন। পরে তাবা সূর্যসেন, জসিমউদ্দিন ও রৌকেয়া হলে যান এবং ছাত্রছাত্রীদের সাথে কথাবার্তা বলেন।

দীর্ঘ প্রায় ৭ বছর পর আজ অনুষ্ঠেয় এই নির্বাচন হবে স্বাধীনতা-উত্তরকালের ৫ম নির্বাচন এর আগে ১৯৭২, ১৯৭৯, ১৯৮১ এবং শেষবার ১৯৮২ সালে এই নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল।